গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০০০.০৪১.৯৯.০০৬.২৬- ১৮

তারিখ: ০৭/০৪/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর ২০২৬-২৭ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য "গবেষণা নীতিমালা-২০২১" অনুযায়ী অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাদের নিকট হতে গবেষণা প্রস্তাবনা (Research Proposal) আহ্বান করা যাচ্ছে। নিম্নে বর্ণিত ক্ষেত্রসমূহের আলোকে গবেষণা-প্রস্তাবনা প্রণয়ন করে আগামী ০৫ মে ২০২৬ খ্রি. রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রস্তাবনার হার্ডকপি ও সফটকপি (ইমেইলঃ dte.research.wing@gmail.com) ভারপ্রাপ্ত কর্মকর্তা, রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, কক্ষ নং- ৮১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১. গবেষণা ক্ষেত্রসমূহ:

| Sector | Research Area | Focus |
|---|---|---|
| Governance & System Development | TVET Data Gap and Management Information System (MIS) | Integrated Data Management System |
| | Leadership Capacity and Human Resource Planning | Strengthening Leadership Skills and Workforce Planning |
| | Access, Infrastructure, and Resource Mobilization | Lab utilization, infrastructure gaps, resource allocation |
| Industry, Employment & Global Competitiveness | Industry Linkage and Demand-Driven TVET | Industry-institution collaboration, employer satisfaction |
| | Employment Outcomes and Labor Market Alignment | Employability, skills mismatch |
| | Overseas Employment and Global Competitiveness | Global skill demand and workforce export |
| Quality, Curriculum & Training Effectiveness | Quality Assurance and Training Effectiveness | Training quality, competency assessment, monitoring & evaluation |
| | Curriculum Relevance and 21st Century Skills | Skill alignment, future-ready curriculum |
| | Effectiveness of TVET Programs/Projects | Return on investment (ROI), impact evaluation |
| Innovation & Technology (4IR) | Applicability of Artificial Intelligence and 4IR Skills | AI integration, digital transformation, smart TVET |
| Social Inclusion & Equity | Gender Inclusion and Equity in TVET | Female participation, inclusive development |
| | Enhancing Retention and Institutional Persistence | Student success, dropout reduction |
| | TVET Graduates' Prospects in Higher Education | Pathways to higher education |
| Green & Sustainable Development | Sustainability and Future Prospects of TVET | Green skills, climate-responsive TVET |

২. গবেষণা প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণীয়:

(ক) গবেষণা প্রস্তাবনা বাংলা অথবা ইংরেজি ভাষায় প্রণয়ন করা যাবে;

(খ) প্রতিটি গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে। প্রথম অংশে শুধু গবেষণার শিরোনামসহ গবেষণা প্রস্তাবনা থাকবে। দ্বিতীয় অংশে গবেষণাদলের পরামর্শকের জীবন-বৃত্তান্ত, স্বাক্ষরসহ সম্মতিপত্র এবং গবেষণাদলের প্রত্যেক সদস্যদের আলাদা সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, স্বীকৃত প্রকাশনার তালিকা, এনআইডি-র অনুলিপি অন্তর্ভুক্ত করে উভয় অংশের ০২ (দুই) সেট দাখিল

করতে হবে। দাপ্তরিক কাজের সুবিধার্থে এক পৃষ্ঠায় গবেষকদলের সকল সদস্যদের নাম, বর্তমান কর্মস্থল, বর্তমান ঠিকানা, মোবাইল ও ই-মেইল দাখিল করতে হবে;

(গ) গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

(ঘ) তথ্যপুঞ্জি লেখার ক্ষেত্রে APA Style (the American Psychological Association) অনুসরণ করতে হবে;

(ঙ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল-এ জমা দিতে হবে;

(চ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ছ) গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের পরামর্শকসহ সকলের কার্যপরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

(জ) Plagiarism Similarity Index (২৫% এর নিচে) অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবনার সফটকপি ওয়ার্ড ফরম্যাটে ইংরেজি: Times New Roman, বাংলা NikoshBAN-এ প্রণয়ন করে ইমেইল:dte.research.wing@gmail .com প্রেরণ করতে হবে;

৩. যে কোনো গবেষণাদলের প্রস্তাবনার কার্যক্রম, পরিবর্তন/পরিমার্জন ও বাতিলের ক্ষমতা কারিগরি শিক্ষা অধিদপ্তর সংরক্ষণ করেন।

**৪. আপনার জমাকৃত গবেষণা প্রস্তাবনাটি ১ নম্বর-এ উল্লিখিত কোন ক্ষেত্রের আওতায় পড়ে তা উল্লেখ করুন।**

**৫.গবেষণা প্রস্তাবনার কাঠামো:**

গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের সুবিধার্থে গবেষণা প্রস্তাবনার রূপরেখা/কাঠামো হবে নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ৫.১ | গবেষণার শিরোনাম (Title of the Research) | |
| ৫.২ | ভূমিকা (Introduction) | শব্দ অনূর্ধ্ব ১৫০০ |
| ৫.৩ | গবেষণার সমস্যা ও যৌক্তিকতা (Research Gap with Justification) | |
| ৫.৪ | গবেষণার ঘাটতি (Research Gap) | |
| ৫.৪ | গবেষণার সুবিধা ভোগকারী (Audience) | |
| ৫.৫ | গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitations of the Research) | |
| ৫.৬ | গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the study) | |
| ৫.৭ | গবেষণার প্রশ্ন (Research Question) | |
| ৫.৮ | গবেষণার অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis/Research Question) | |
| ৫.৯ | টিভিইটি (কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ) এর ওপর প্রস্তাবিত গবেষণার দৃশ্যমান প্রভাব (Visible Impact of the study on TVET) | |

**৬. প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature)** অনূর্ধ্ব ১০০০ শব্দ

*** গবেষণা প্রশ্নের আলোকে ডাটার ধরণ (Types of Data as Required by Rereasch Questions/objectives)

**৭. গবেষণা পদ্ধতি (Methodology of Study)**

| | | |
|---|---|---|
| ৭.১ | উপাত্তের উৎস (Data sources) | |
| ৭.২ | গবেষণার নকশা (Research Design) | |
| ৭.৩ | গবেষণার পদ্ধতিসমূহ (Research Methodology) | |
| ৭.৪ | অভীষ্ট সমগ্রক ও নমুনায়ন (Target Population, Sample size and Sampling) | |
| ৭.৫ | এলাকা ভিত্তিক নমুনায়ন (Area Based Sample Distribution) | অনূর্ধ্ব ৫০০ শব্দ |
| ৭.৬ | গবেষণার উপকরণের যৌক্তিকতা (Research Tools with Justification) | |
| ৭.৭ | উপাত্তের সংগ্রহের পদ্ধতি (Data Collection Technique) | |
| ৭.৮ | গবেষণা কর্মটি সম্পাদনের ধারণাগত কাঠামো (Conceptual Frame-work) | |
| ৭.৯ | মেথোডোলোজি ম্যাট্রিক্স (Methodology Matrix) | |
| ৭.১০ | গবেষণার প্রত্যাশিত ফলাফল (Expected Output) | |
| ৭.১১ | গবেষণার কর্মপরিকল্পনা (Workplan) | |
| ৭.১২ | গবেষণার ব্যয় (Budget) | |

৮. গবেষণা বাজেট (Research Budget):

গবেষণাকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গবেষণাকর্মের বাজেট: সর্বনিম্ন ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ও সর্বোচ্চ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা।

৯. গবেষণাদল গঠন ও ব্যয় বিভাজন:

| গবেষণাদলের গঠন | সম্মানী মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক (১ জন) | ৬% |
| দলনেতা (১ জন) | ১৮% |
| সদস্য (সর্বোচ্চ ২ জন) | (১৩%+১৩%)=২৬% |
| উপাত্ত সংগ্রহ, যাতায়াত, স্টেশনারি ক্রয় ও অন্যান্য খাত | ৫০% |
| মোট | ১০০% |

১০.গবেষণা দলের গঠন ও কার্যপরিধি:

গবেষক দলের সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ০৩ (তিন) জন। সম্মানিত সদস্যদের মধ্যে গবেষণা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন এমন একজন দলনেতা নির্বাচিত হবেন। গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের পরামর্শক, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কার্যপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে।

১১. গবেষক/দলনেতা ও সদস্যগণের যোগ্যতা:

(ক) গবেষক/ দলনেতা কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হবেন। প্রতিষ্ঠিত জার্নালে তাঁর কমপক্ষে ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে;

(খ) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আগ্রহী রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগন গবেষণা দলের সদস্য হতে পারবে;

(গ) একজন গবেষক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকতে পারবে;

(ঘ) অনুমোদিত গবেষণা দলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা সেলের মাধ্যমে কার্যকরী কমিটির অনুমোদনক্রমে করতে হবে;

(ঙ) গবেষণা কর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণা কার্যক্রমের বাজেটখাত হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করা যাবে।

অতএব, গবেষণায় আগ্রহী শিক্ষক/কর্মকর্তাগণের নিকট থেকে উল্লিখিত ক্ষেত্রসমূহে বর্ণিত কাঠামোর আওতায় তার প্রতিষ্ঠান/অধিক্ষেত্র এলাকায় সম্পন্ন করা যায় এমন গবেষণা প্রস্তাব নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো।

07/04/2026

মোঃ মাহমুদ হাসান
যুগ্মসচিব
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০০০.০৪১.৯৯.০০৬.২৬- ২৮ | তারিখ: ০৭/০৪/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
(২) অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা- ১২০৮
(৩) অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)
(৪) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং কলেজ, বগুড়া
(৫) অধ্যক্ষ, পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউট (সকল)
(৬) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)
(৭) পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল);
(৮) সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭

(৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

(১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(১১) দপ্তর নথি।

07.08.2025.

আরিফা আক্তার
সংযুক্ত কর্মকর্তা
রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল
কারিগরি শিক্ষা অধিদপ্তর